# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 27.03.24** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) মমতা ব্যানার্জী সম্পর্কে অবমাননাকর মন্তব্য করার জন্য দিলীপ ঘোষকে শোকজ করেছে নির্বাচন কমিশন।

পুলিশ প্রশাসনকে হুমকি দেওয়ার অভিযোগে আর এক বিজেপি প্রার্থী হীরন চট্টোপাধ্যায়কেও কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে।

২) রাজ্যে প্রথম দফার লোকসভা নির্বাচনে তিনটি কেন্দ্রে জমা পড়েছে ৩৪-টি মনোনয়নপত্র।

আগামীকাল জারি হবে দ্বিতীয় দফার নির্বাচনের বিজ্ঞপ্তি।

৩) প্রতিটি দফার আগে আইনশৃঙ্খলা ও ভোটের প্রস্তুতি নিয়ে প্রশাসনের কর্তাদের সঙ্গে বৈঠক করবে কমিশন।

৪) ইডি-র বাজেয়াপ্ত করা প্রায় সাড়ে তিন হাজার কোটি টাকা বাংলার গরীব মানুষকে তিনি ফেরত দিতে চান বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন।

৫) মহুয়া মৈত্রকে আগামীকাল দিল্লিতে তলব করেছে ইডি।

৬) রামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষ স্বামী স্মরণানন্দের শেষকৃত্য আজ বেলুড় মঠে সম্পন্ন হবে।

০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সম্পর্কে অবমাননাকর মন্তব্য করার জন্য নির্বাচন কমিশন, বর্ধমান – দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষকে শোকজ করেছে। ৪৮ ঘণ্টার মধ্যে তাঁকে জবাব দিতে হবে। বিষয়টি নিয়ে গতকালই পশ্চিম বর্ধমানের জেলাশাসকের কাছে রিপোর্ট তলব করা হয়।

দিলীপ ঘোষের কুমন্তব্যের বিরুদ্ধে নালিশ জানাতে তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দল আজ মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে যায়। বেরিয়ে এসে সাংবাদিকদের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, দিলীপ ঘোষের মন্তব্য ক্ষমার অযোগ্য।

(বাইট – চন্দ্রিমা)

দিলীপ ঘোষ অবশ্য বলেছেন, তাঁর বক্তব্য নিয়ে বিতর্ক এই প্রথম হচ্ছে না। তিনি অসংসদীয় শব্দ প্রয়োগ করে থাকলে তার জন্য দুঃখিত।

(বাইট – দিলীপ)

এদিকে, বিডিও-র ঘরে বসে পুলিশ প্রশাসনকে হুমকি দেওয়ার অভিযোগে ঘাটাল লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী হীরন চট্টোপাধ্যায়কে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে নির্বাচন কমিশন। দু-দিনের মধ্যে তাঁকে নোটিশের জবাব দিতে হবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে।

অন্যদিকে, নির্বাচনী প্রচারে সরকারী প্রকল্পের ট্যাবলোয় মডেল হিসেবে শিশুদের ব্যবহার করে মেদিনীপুর লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী জুন মালিয়া আদর্শ আচরণবিধি লঙ্ঘন করেছেন বলে বিজেপি নির্বাচন কমিশনের কাছে অভিযোগ জানিয়েছে। তাঁর বিরুদ্ধে উপযুক্ত পদক্ষেপ করার দাবি জানিয়েছে তারা। এই প্রসঙ্গে ওই লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অগ্নিমিত্রা পাল বলেছেন, নির্বাচনী প্রচারে শিশুদের ব্যবহার না করার কড়া নির্দেশ আছে কমিশনের।

০০০০০০০০০০০০০০০০০

বহরমপুর লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী, প্রাক্তন ক্রিকেটার ইউসুফ পাঠান, ভোটের প্রচারে শচীন টেন্ডুলকর সহ অন্যান্য ক্রিকেটরের ছবি ব্যবহার

করছেন বলে নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছে কংগ্রেস। মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে চিঠি দিয়ে তারা জানিয়েছে,
আদর্শ আচরণ বিধি লঙ্ঘণ করেছেন ইউসুফ।

০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী সম্পর্কে দিলীপ ঘোষের মন্তব্য বিজেপি অনুমোদন করেনি। তাই দলের পক্ষ থেকে দিলীপ ঘোষকে চিঠি দেওয়া হয়েছে বলে দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য জানিয়েছেন। আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, দিলীপ ঘোষ দুঃখ প্রকাশ করে ক্ষমাও চেয়েছেন। তবে, মুখ্যমন্ত্রীর চরিত্র হনন করা বা তাঁকে কালিমা লিপ্ত করার উদ্দেশ্য নিয়ে তিনি কোন মন্তব্য করেননি। তা সত্ত্বেও কারো আঘাত লেগে থাকলে দল দুঃখিত এবং ক্ষমাপ্রার্থী। এক্ষেত্রে আর কোন রাজনৈতিক বিতর্কের অবকাশ নেই।

মুখ্যমন্ত্রী সম্পর্কে অশালীন মন্তব্য করার জন্য দিলীপ ঘোষের বিরুদ্ধে পুলিশের কাছে লিখিত অভিযোগ জানাল দুর্গাপুরের তৃণমূল আইনজীবি সেল। সিটি সেন্টার পুলিশ ফাঁড়িতে আজ এই অভিযোগ দায়ের করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে প্রথম দফার লোকসভা নির্বাচনে মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা আজ শেষ হয়েছে। এই পর্বে কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার কেন্দ্রে ভোট নেওয়া হবে ১৯-শে এপ্রিল। প্রথম দফায় ৩৪-টি মনোনয়নপত্র পেশের খবর পাওয়া গেছে।

এর মধ্যে ১৩-টি মনোনয়ন জমা পড়েছে কোচবিহারে, ১২-টি জলপাইগুড়ি আসনে এবং ৯-টি আলিপুরদুয়ারে।

আগামীকাল মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ৩০শে মার্চ।

দ্বিতীয় দফার নির্বাচনের জন্য বিজ্ঞপ্তি জারি হবে আগামীকাল। এই দফায় ২৬-শে এপ্রিল ভোট নেওয়া হবে রাজ্যের দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট আসনে।

কোচবিহার কেন্দ্রে গতকাল পর্যন্ত ১৭ কোম্পানী, আলিপুরদুয়ারে ৯ এবং জলপাইগুড়িতে ১১ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে সাতদফা ভোটের প্রতিটি দফার আগে নির্বাচন কমিশন, আইনশৃঙ্খলা সহ ভোটপ্রস্তুতি নিয়ে প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠক করবে। দিল্লি থেকে উপ নির্বাচন কমিশনাদের উপস্থিতিতে ভার্চুয়ালি এই বৈঠক হবে। জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ সুপার ও পুলিশ কমিশনারদের এই বৈঠকে উপস্থিত থাকতে হবে বলে জানিয়ে, নির্বাচন কমিশনের তরফে মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনে কেন্দ্রীয় বাহিনী যাতায়াতের জন্য উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা-NBSTC-র দুশোটি বাস নেওয়া হচ্ছে। এর মধ্যে প্রথম দফায় ৫০টি বাসকে কাজে লাগানো হবে। ওই বাসগুলি সংশ্লিষ্ট জেলা পুলিশ সুপারের দপ্তরে আগামীকালই পৌঁছে যাবে বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০

ইডির বাজেয়াপ্ত করা  প্রায় তিন হাজার কোটি টাকা বাংলার গরিব মানুষকে নতুন সরকার ফেরত দিয়ে দেবে বলে বিজেপির প্রবীণ নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন। কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী, রাজপরিবারের সদস্যা অমৃতা রায়কে গতরাতে ফোন করেন তিনি। মিনিট পাঁচেকের কথোপকথনে প্রধানমন্ত্রী জানান, ইডির বাজেয়াপ্ত করা অর্থ তিনি গরিবদের মধ্যে বিতরণের চেষ্টা করবেন।

বাইট

গতকাল প্রধানমন্ত্রী ফোনে কথা বলেছিলেন বসিরহাটের বিজেপি প্রার্থী, সন্দেশখালি আন্দোলনের প্রতিবাদী মুখ রেখা পাত্রর সঙ্গে। রেখাকে শক্তিস্বরূপা সম্বোধন করেন তিনি।

রেখা পাত্র আজ সকালে সন্দেশখালিতে প্রচার সারেন। সকাল সাড়ে দশটা নাগাদ তিনি ধামাখালিতে এলে বহু মহিলা কর্মী সমর্থক তাঁকে ফুলের মালা পরিয়ে, শাঁখ বাজিয়ে স্বাগত জানান। এরপর নদী পেরিয়ে তিনি যান সন্দেশখালিতে।

ooooooooooooooo

কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী মহুয়া মৈত্রকে ইডি আগামীকাল দিল্লিতে তলব করেছে। বিদেশী মুদ্রা আইন লঙ্ঘনের ব্যাপারে তাঁকে জিজ্ঞাসাবাদ করা হতে পারে বলে খবর। উতকোচের বিনিময়ে লোকসভায় প্রশ্ন করার অভিযোগের তদন্তে সি বি আই সম্প্রতি মহুয়া মৈত্রের বাড়ি, অফিস সহ একাধিক জায়গায় তল্লাশি চালায়। এর বিরুদ্ধে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছেন মহুয়া।

০০০০০০০০০০০০০০

নারদ স্টিং অপারেশনের তদন্তে নতুন কিছু তথ্য হাতে আসায় সিবিআই, এই কান্ডের মূল হোতা ম্যাথু স্যামুয়েলকে তলবি নোটিশ পাঠিয়েছে। আগামী চৌঠা এপ্রিল জিজ্ঞাসাবাদের জন্য নিজাম প্যালেসে হাজির হতে হবে তাঁকে।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরী বলেছেন, ভোটের কারণেই বিষয়টি নিয়ে ফের নাড়াচাড়া করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচন ঘোষণার পর থেকে রাজ্যে হিংসার ঘটনা বাড়তে থাকায় রাজ্যপাল সিভি আনন্দ বোস উদ্বেগ প্রকাশ করেছেন। আজ আসানসোলে কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেওয়ার আগে অন্ডাল বিমান বন্দরে সাংবাদিকদের রাজ্যপাল বলেন, রাজ্যের হিংসা পরিস্থিতি নিয়ে নির্বাচন কমিশনকে রিপোর্ট পাঠিয়েছেন তিনি।

এদিকে সমাবর্তন অনুষ্ঠানে যোগদিতে যাওয়ার পথে আসানসোলের দক্ষিণ ধাদকা মোড়ের সামনে কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের আর্চার্য তথা রাজ্যপালকে কালো পতাকা দেখায় তৃনমুল ছাত্র সংগঠনের সদস্যরা।

০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস রাজ্যজুড়ে সন্ত্রাসের আবহ তৈরি করেছে বলে অভিযোগ করেছেন, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরী। আজ বহরমপুরে সাংবাদিকদের তিনি জানান, কংগ্রেসের জনপ্রতিনিধিদের তৃণমূল কংগ্রেসে যোগ

দিতে ভয় দেখানো হচ্ছে। পুলিশ ও শাসক দলের নেতারা বহরমপুর লোকসভা কেন্দ্রের বিভিন্ন এলাকায় যৌথ সন্ত্রাস চালাচ্ছে বলেও অভিযোগ করেন তিনি।

(বাইট – অধীর)

০০০০০০০০০০০০০

ডায়মণ্ড হারবার লোকসভা কেন্দ্রের নির্বাচনী কৌশল স্থির করতে এই কেন্দ্রের বিদায়ী সাংসদ তথা তৃণমূল কংগ্রেস প্রার্থী অভিষেক ব্যানার্জি আজ আমতলা কার্যালয়ে দলের নেতা-কর্মীদের সঙ্গে আলোচনা শুরু করেছেন। বিধানসভা কেন্দ্র ধরে এই আলোচনা চলবে তিনদিন। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেকের বিরুদ্ধে এখনও প্রার্থীর নাম ঘোষণা করেনি বিরোধী বিজেপি, বাম, কংগ্রেস বা আইএসএফ ।

০০০০০০০০০০০০০০০

কলকাতা বিমান বন্দরের রানওয়েতে আজ অল্পের জন্য বড়সড় বিপর্যয় এড়ানো সম্ভব হয়েছে। বেলা ১১-টা নাগাদ এয়ার ইন্ডিয়া এবং ইন্ডিগো-র বিমান দুটি ওড়ার মুখে বিপজ্জনকভাবে কাছাকাছি এসে যায়। দ্বারভাঙাগামী ইন্ডিগো-র বিমানটির ধাক্কায় এয়ার ইন্ডিয়ার চেন্নাইমুখী বিমানটির ডানার ওপরের কিছু অংশ ভেঙে যায়। ইন্ডিগো-র বিমানটির ডানাও ক্ষতিগ্রস্ত হয়েছে। ঘটনার তদন্তের নির্দেশ দিয়েছে অসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ডিজিসিএ ।

০০০০০০০০০০০০০০০

রামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষ স্বামী স্মরণানন্দের শেষকৃত্য আজ বেলুড় মঠে সম্পন্ন হবে। প্রয়াত মহারাজকে শেষ শ্রদ্ধা জানাতে গতরাত থেকেই ভিড় করেন ভক্তরা। আজও সকাল থেকে ফুল, মালা হাতে ভক্তদের সারিবদ্ধ হয়ে অপেক্ষা করতে দেখা যায়। রাত ৮টা পর্যন্ত শেষ শ্রদ্ধা জানাতে পারবেন ভক্তরা। রাত ৯টা নাগাদ শুরু হবে শেষকৃত্যের পর্ব।

গতকাল রাত সোয়া ৮টা নাগাদ কলকাতার রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানে স্বামী স্মরণানন্দের জীবনাবসান হয়। বয়স হয়েছিল ৯৪ বছর।

oooooooooooooooooo

ooooooooooooooooo